

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৪৬১

আগরতলা, ৩ অক্টোবর, ২০২৪

জুভেনাইল জাস্টিস অ্যাক্ট নিয়ে কর্মশালা

জাতীয় শিশু সুরক্ষা অধিকার কমিশনের উদ্যোগে ও ত্রিপুরা শিশু সুরক্ষা কমিশনের সহযোগিতায় আজ আগরতলা ভগৎ সিং যুব আবাসের ২নং হলে শিশু সুরক্ষায় জুভেনাইল জাস্টিস অ্যাক্ট ও চাইল্ড লেবার অ্যাক্ট বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। তাছাড়াও আগামীকাল প্রজ্ঞাভবনের ১নং হলে সকাল ১০টা থেকে অনুষ্ঠিত হবে শিশুদের মানসিক স্বাস্থ্যবিষয়ক কর্মশালা। ৫ অক্টোবর সকাল ১০টা থেকে এই হলেই অনুষ্ঠিত হবে এইচআইভি/এইডস থেকে শিশুদের সুরক্ষা বিষয়ক কর্মশালা। ৭ অক্টোবর শহীদ ভগৎ সিং যুব আবাসে সকাল ১০টা থেকে শুরু হবে শিশুদের পুষ্টিবিষয়ক কর্মশালা। দুপুর ১টা থেকে অনুষ্ঠিত হবে বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতামূলক অনুষ্ঠান। ত্রিপুরা শিশু সুরক্ষা অধিকার কমিশনের পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।
